# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


(একই তারিখ ও সূত্রে প্রতিস্থাপিত)

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৪র্থ খন্ড)/২০১১/১১৯

তারিখঃ ১৩ ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ
২৮ আগস্ট ২০১৯ খ্রিষ্টাব্দ

## বিএসইসি'র চেয়ারম্যানের বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ এবং পরবর্তীতে দুদক কর্তৃক বিষয়টির নিষ্পত্তি সম্পর্কিত তথ্য।

গত ২১ ও ২২ শে আগস্ট, ২০১৯ তারিখে বিভিন্ন গণমাধ্যমে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর চেয়ারম্যানের বিরুদ্ধে প্রকাশিত প্রতিবেদনের প্রতিবাদ হিসেবে ব্যাখ্যা প্রদান করে একটি প্রেস বিজ্ঞপ্তি ২২ শে আগস্ট ২০১৯ তারিখে গণমাধ্যমে প্রেরণ এবং কমিশনের ওয়েব সাইটে প্রকাশ করা হয়। অত:পর গত ২৬ আগস্ট ২০১৯ তারিখে বিভিন্ন গণমাধ্যমে বিএসইসির চেয়ারম্যান ড. এম খায়রুল হোসেনের বিরুদ্ধে শেয়ার বাজারে কারসাজি করে অর্থ আত্মসাৎ ও পাচারের অভিযোগের সত্যতা পাওয়া যায় নাই বলে দুর্নীতি দমন কমিশন (দুদক) কর্তৃক বিভিন্ন গণমাধ্যমকে নিশ্চিত করেছে মর্মে সংবাদ প্রকাশিত হয়। অধিকিন্তু সংবাদ মাধ্যমে প্রকাশিত তথ্যে জানা যায় যে, দুদক গোয়েন্দা ইউনিট কর্তৃক জমাকৃত প্রতিবেদনটি কমিশনে উপস্থাপিত হয়। সংগৃহীত তথ্য পর্যালোচনাপূর্বক দুদক অভিযোগটির নিষ্পত্তি করে নথিভূক্ত করেছে বলে জানা যায়। গণমাধ্যমে প্রকাশিত প্রতিবেদন থেকে আরও জানা যায় যে, দুদকের প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে যে, বিএসইসির চেয়ারম্যান এর বিরুদ্ধে যে অভিযোগ জমা হয়েছে সেটিতে ভুয়া নাম ঠিকানা ব্যবহার করা হয়েছিলো এবং অভিযোগটিও ছিল ভুয়া। কমিশন আশা করছে যে, দুদক কর্তৃক বিষয়টির নিষ্পত্তি পুঁজিবাজার সংশ্লিষ্ট সকলের আস্থা বৃদ্ধিতে সহায়ক ভূমিকা রাখবে।

০২/০৯/২০১৯

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।


ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২, ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.sec.gov.bd